বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন টেলিফোন রাজস্ব অফিসের ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত সময়ের রাজস্ব আদায় সংক্রান্ত কার্যক্রমের উপর বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর ইস্যুভিত্তিক নিরীক্ষা প্রতিবেদন

২০১২-২০১৩

প্রথম খণ্ড

ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক নিরীক্ষা অধিদপ্তর

[ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীনস্থ বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর বিভিন্ন টেলিফোন রাজস্ব অফিসের ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত সময়ের রাজস্ব আদায় সংক্রান্ত কার্যক্রমের উপর ইস্যুভিত্তিক অডিট রিপোর্ট]

[গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩২ নম্বর অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত]

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন টেলিফোন রাজস্ব অফিসের ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত সময়ের রাজস্ব আদায় সংক্রান্ত কার্যক্রমের উপর বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর ইস্যুভিত্তিক নিরীক্ষা প্রতিবেদন

প্রথম খণ্ড

ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক নিরীক্ষা অধিদপ্তর

[ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীনস্থ বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর বিভিন্ন টেলিফোন রাজস্ব অফিসের ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত সময়ের রাজস্ব আদায় সংক্রান্ত কার্যক্রমের উপর ইস্যুভিত্তিক অডিট রিপোর্ট]

[গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩২ নম্বর অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত]

সূচিপত্র

ক্রমিক নম্বর	বিবরণ			পৃষ্ঠা নম্বর
১.	প্রথম অধ্যায় (অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)	...	...	১
২.	নিরীক্ষা বিষয়ক তথ্য	...	...	২
৩.	অডিট ফাইন্ডিংস	...	...	৩
৪.	অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ	...	...	৪
৫.	নিরীক্ষার সুপারিশ	...	...	৫
**	দ্বিতীয় অধ্যায় (অডিট অনুচ্ছেদসমূহ)	...	...	৬
৬.	অনুচ্ছেদ নম্বর ১ হতে ১৪	...	...	৭-২০
**	মহাপরিচালকের স্বাক্ষর	...	...	২০

ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশন্স) (এ্যামেন্ডমেন্ট) এ্যাক্ট, ১৯৭৫ অনুযায়ী মহাপরিচালক, ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত এই ইস্যুভিত্তিক অডিট রিপোর্টটি জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের ১৩২ অনুচ্ছেদ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হল।

.... বঙ্গাব্দ
তারিখঃ ——————————
.... খ্রিস্টাব্দ

মাসুদ আহমেদ
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

খ

মহাপরিচালকের বক্তব্য

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন টেলিফোন রাজস্ব অফিসের রাজস্ব আদায় কার্যক্রমের উপর ২০১১-২০১২ আর্থিক সালের ইস্যুভিত্তিক নিরীক্ষা ২০-০১-২০১৩ হতে ২৪-০৪-২০১৩ তারিখ পর্যন্ত সময়ে পরিচালিত হয়। উক্ত নিরীক্ষায় উত্থাপিত যে সকল আপত্তি ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সাথে বিভিন্ন সময়ে পত্র যোগাযোগের মাধ্যমে নিষ্পত্তি করা সম্ভব হয়নি, সে সকল আপত্তিসমূহকে সংকলন করে এ বিশেষ অডিট রিপোর্টটি প্রণীত হয়েছে।

আলোচ্য প্রতিবেদনে যে সকল আর্থিক অনিয়ম, ত্রুটি-বিচ্যুতি প্রতিফলিত হয়েছে তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটির ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত সময়ের উপর পরিচালিত নিরীক্ষার ফল যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সার্বিক কর্মকান্ডের পূর্ণাঙ্গ চিত্র নয়।

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড(বিটিসিএল) কর্তৃপক্ষ কর্তৃক সন্নিবেশিত অনিয়মসমূহের বিষয়ে সংশোধনমূলক কার্যক্রম গ্রহণ এবং ভবিষ্যতে টেলিফোন রাজস্ব আদায়ের লক্ষ্যে দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করলে প্রতিষ্ঠানটি সামগ্রিকভাবে উপকৃত হবে।

..............................বঙ্গাব্দ
তারিখঃ ____________________
.... খ্রিস্টাব্দ

(কল্যাণী তালুকদার)
মহাপরিচালক
ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক
নিরীক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

প্রথম অধ্যায়
(অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

নিরীক্ষা বিষয়ক তথ্য

নিরীক্ষিত প্রতিষ্ঠান	:	বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিঃ (বিটিসিএল) এর রাজস্ব অফিসসমূহ (মোট ১২ টি অফিস)।
নিরীক্ষার প্রকৃতি	:	বিশেষ বিষয়ভিত্তিক
নিরীক্ষার অর্থ বছর	:	২০১১-২০১২
প্রাথমিক তথ্য সংগ্রহ	:	০২-১২-২০১২ হতে ২৬-১২-২০১২ পর্যন্ত।
নিরীক্ষার সময়	:	২০-০১-২০১৩ হতে ২৪-০৪-২০১৩ পর্যন্ত।
নিরীক্ষার কৌশল	:	রেকর্ডপত্র পরীক্ষা, সাক্ষাৎকার, বিশ্লেষণ।
নিরীক্ষা দলের সদস্য সংখ্যা	:	৫ (পাঁচ) জন ১। জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, মহাপরিচালক, দলনেতা। ২। জনাব মোঃ আব্দুল মান্নান হাওলাদার, উপ-পরিচালক, সদস্য। ৩। জনাব শেখ মোঃ হারুন-অল-রশিদ, সুপার, সদস্য। ৪। জনাব হাসান মাহমুদ, অডিটর, সদস্য। ৫। জনাব সুমন কুমার সাহা রায়, অডিটর, সদস্য।
নিরীক্ষা তথ্য সংগ্রহের কৌশল	:	চেক লিষ্ট প্রণয়ন করতঃ চাহিদাপত্র ইস্যুকরণ, আলোচনা।
নিরীক্ষা সার্বিক তত্ত্বাবধানে	:	মহাপরিচালক, ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।

অডিট ফাইন্ডিংস
(Audit Findings)

অনুচ্ছেদ নম্বর	শিরোনাম	জড়িত টাকা
১	২	৩
১	বিভিন্ন সরকারী ও আধা-সরকারী প্রতিষ্ঠানের টেলিফোন বিল বকেয়া অনাদায়ী।	৮৪,৭০,৩৬,১৩৪/-
২	বেসরকারী প্রতিষ্ঠানের টেলিফোন বিল অনাদায়ী	১৫৮,২২,২৪,৬৯৫/-
৩	স্থায়ী বন্ধ টেলিফোন বিল অনাদায়ী।	১৭৫,২৯,৮৩,২৩১/-
৪	বিভিন্ন প্রাইভেট অপারেটরদের নিকট বকেয়া বিল অনাদায়ী।	৩৯,৪৮,২৬,২৯০/-
৫	সংবাদপত্র/সংবাদসংস্থার নিকট টেলিফোন বিল অনাদায়ী।	১,৫৯,০৯,৯৮৩/-
৬	মহান জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্যগণের নিকট টেলিফোনের রাজস্ব বকেয়া অনাদায়ী।	১,১৪,০৮,০৬১/-
৭	টেলিফোন রাজস্ব বাবদ আদায়কৃত টাকা দীর্ঘদিন যাবৎ অনিয়মিতভাবে ব্যাংকে জমা।	৩,৯৪,৬৭,৫৮৯/-
৮	আদায়কৃত রাজস্বের মধ্যে পে-অর্ডার পাওয়া যায়নি।	৪৯,৪৭,৭০,২১৯/-
৯	বেসরকারী প্রতিষ্ঠান এর নিকট টেলেক্সের রাজস্ব অনাদায়ী	১,৫৪,৪৫,২৮২/-
১০	ভি-স্যাট এর রাজস্ব দীর্ঘদিন যাবৎ অনাদায়ী।	৮,৫৭,২৬,৩৮০/-
১১	ই-১ চ্যানেল ব্যবহারকারী গ্রাহকগণের নিকট রাজস্ব অনাদায়ী।	৭০,৩২,০৫৩/-
১২	ব্যান্ড উইথ ও ডিডিএন ব্যবহারকারী গ্রাহকগণের নিকট রাজস্ব অনাদায়ী।	১৬,৭৩,৭৫,২২২/-
১৩	পি এ বি এক্স জংশন টেলিফোনের বিল অনাদায়ী।	১২,৪৮,৮৩,১১০/-
১৪	বাংলাদেশ রেলওয়ের নিকট টেলিফোন বিল অনাদায়ী।	৮০,০৪,১১৭/-
	সর্বমোট =	**৫৫৪,৭০,৯২,৩৬৬/-**

অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ
(Causes of Irregularities and Losses)

১। টেলিফোন রাজস্ব হিসাব ম্যানুয়ালের ১০৭ ধারা মোতাবেক ৭(সাত) দিনের মধ্যে বকেয়া বিল পরিশোধের জন্য গ্রাহকের বরাবরে নোটিশ জারী না করা।

২। তার ও টেলিফোন বোর্ড এর ৩০/৪/২০০৭ খ্রিঃ তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/২০০২ মোতাবেক ৮৯ দিনের মধ্যে টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন না করা।

৩। টেলিফোন বিল খেলাপীদের বিরুদ্ধে মামলা না করা।

৪। বকেয়া টাকা আদায়ের লক্ষ্যে যথাযথ প্রতিষ্ঠানের/গ্রাহকের বরাবরে পত্র/তাগিদপত্র না দেয়া।

৫। ব্যাংকের সাথে বিটিসিএল এর চুক্তির শর্তানুযায়ী যথাসময়ে রাজস্ব অফিসে পে-অর্ডার প্রেরণ না করা।

৬। প্রাইভেট অপারেটরদের সাথে বিটিআরসির নিবন্ধনভুক্তির চুক্তির শর্তানুযায়ী যথাসময়ে রাজস্ব পরিশোধ না করা।

৭। রাজস্ব অফিস নিয়মিতভাবে ব্যাংকের সাথে রিকনসিলিয়েশন না করা।

৮। চালানের মাধ্যমে জমাকৃত মূল্য সংযোজন কর বাবদ অর্থের হিসাব সরকারী কোষাগারে জমা হয়েছে মর্মে হিসাব মহা-নিয়ন্ত্রকের অফিস হতে প্রত্যয়ন সংগ্রহ না করা।

৯। রাজস্ব বাবদ আদায়কৃত টাকা যথাযথ খাতে হিসাবভুক্ত না করা।

১০। টেলিফোন রাজস্ব বকেয়া অর্থের বছর/মাস/প্রতিষ্ঠান ভিত্তিক টেলিফোন নম্বরসহ সিডিউল/ রেজিষ্টার সংরক্ষণ না করা।

১১। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা।

১২। টেলিফোন সমর্পনকারী গ্রাহকদের জামানতের টাকা ফেরৎ না দেয়া।

১৩। বিচার বিশ্লেষণ না করে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা।

নিরীক্ষার সুপারিশমালা

১। টেলিফোন রাজস্ব হিসাব ম্যানুয়াল এর ১০৭ ধারা যথাযথভাবে পরিপালন করা আবশ্যক।

২। তার ও টেলিফোন বোর্ডের বিগত ৩০-০৪-২০০৭ খ্রিঃ তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/১২ মোতাবেক টেলিফোন সংযোগ সাময়িক বিচ্ছিন্নের ৮৯ দিনের মধ্যে নির্ধারিত ফি সহ বকেয়া পরিশোধ করা না হলে সংশ্লিষ্ট টেলিফোন স্থায়ী ভাবে বিচ্ছিন্ন করা এবং বকেয়া রাজস্ব আদায়ের জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

৩। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ যথাযথভাবে প্রতিপালন করা আবশ্যক।

৪। বিভিন্ন প্রতিষ্ঠানের টেলিফোনের বিলের দীর্ঘ দিনের বকেয়া জরুরী ভিত্তিতে আদায় করা প্রয়োজন।

৫। প্রতিষ্ঠান ভিত্তিক টেলিফোনের বকেয়া রেজিষ্টার প্রণয়ন করা আবশ্যক।

৬। টেলিফোন বিলের টাকা জরুরী ভিত্তিতে পি.এল (Personal Ledger) এ এন্ট্রি করা আবশ্যক।

৭। নিয়মিতভাবে ব্যাংক রিকনসিলিয়েশন করা আবশ্যক।

৮। বকেয়া রাজস্ব আদায়ের জন্য স্থানীয় ও বিভাগীয় মনিটরিং ব্যবস্থা জোরদার করা আবশ্যক।

৯। ব্যাংকের সাথে চুক্তিনামার শর্ত মোতাবেক টেলিফোনের বিল বাবদ আদায়কৃত টাকা যথাসময়ে পে-অর্ডারের মাধ্যমে নির্দিষ্ট সোনালী ব্যাংকে স্থানান্তর হওয়া আবশ্যক।

১০। গুরুত্বপূর্ণ কাজে যেমন পি.এল (Personal Ledger) এ এন্ট্রির কাজ নিয়মিত জনবল দ্বারা করানো প্রয়োজন। অনিয়মিত শ্রমিক দ্বারা পি.এল এ এন্ট্রি প্রদানের ফলে কোন প্রকার জালিয়াতি হলে দায়িত্ব নির্ধারণ করা সম্ভব হয় না বিধায় বিষয়টি পুনঃবিবেচনা করা আবশ্যক।

১১। টেলিফোন রাজস্বের ভ্যাট বাবদ আদায়কৃত টাকা যথাসময়ে চালানের মাধ্যমে সরকারী খাতে জমা করতঃ সিজিএ কার্যালয় হতে প্রত্যয়ন সংগ্রহ করা প্রয়োজন।

১২। বিভিন্ন রাজস্ব অফিস হতে সঠিক তথ্য সংগ্রহপূর্বক সঠিক হিসাব প্রণয়ন প্রয়োজন।

দ্বিতীয় অধ্যায়
(অডিট অনুচ্ছেদসমূহ)

অনুচ্ছেদঃ ১।

শিরোনামঃ বিভিন্ন সরকারী ও আধাসরকারী প্রতিষ্ঠানের টেলিফোন বিল বকেয়া বাবদ (৭৫,৫৯,৮২,৩৭৩ + ৯,১০,৫৩,৭৬১) বা ৮৪,৭০,৩৬,১৩৪/- টাকা অনাদায়ী।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর অধীনস্থ ১১ (এগার) টি রাজস্ব অফিসের সূচনালগ্ন হতে ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত রাজস্ব আদায়ের উপর ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে ক্যাশবহি, পার্সোনাল লেজার (পি,এল) পে-অর্ডার / হিসাবের রেজিষ্টার, বকেয়া রাজস্ব আদায়ের সিডিউল ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা হতে দেখা যায় যে, বিভিন্ন সরকারী ও আধা-সরকারী প্রতিষ্ঠানের নিকট টেলিফোনের বকেয়া বিল বাবদ (৭৫,৫৯,৪৪,৬০২ + ৯,১০,৫৩,৭৬১) বা ৮৪,৭০,৩৬,১৩৪/- টাকা অনাদায়ী রয়েছে **(পরিশিষ্ট-"ক (ক) / ক (খ)")**।

- বকেয়া টেলিফোন বিল আদায়ের লক্ষ্যে টেলিফোন রাজস্ব হিসাব ম্যানুয়ালের ১০৭ ধারা মোতাবেক ৭(সাত) দিনের মধ্যে বকেয়া বিল পরিশোধের জন্য গ্রাহক বরাবরে নোটিশ জারী করতে হবে। উক্ত সময়ের মধ্যে বিল পরিশোধে ব্যর্থ হলে সংশ্লিষ্ট গ্রাহকের টেলিফোন সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করতে হবে।
- বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের ৩০-০৪-২০০৭ খ্রিঃ তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/২০০২ মোতাবেক সাময়িক বিচ্ছিন্নের ৮৯ দিনের মধ্যে নির্ধারিত হারে ফি প্রদান সহ বকেয়া পরিশোধ না করা হলে টেলিফোন সংযোগ স্থায়ী ভাবে বিচ্ছিন্ন করতে হবে।
- আলোচ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি ও আদেশ মোতাবেক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় টেলিফোন বিলের টাকা অনাদায়ী রয়েছে।

- কতিপয় অফিস এর সূচনা লগ্ন হতে টেলিফোন বিল বকেয়া রয়েছে।
- বকেয়া টাকার বিষয়ে মাস/বছর ও প্রতিষ্ঠানভিত্তিক টেলিফোন নম্বরসহ কোন রেজিষ্ট্রার/সিডিউল সংরক্ষণ করা হচ্ছে না।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- বকেয়া বিল আদায়ের জন্য নোটিশ ইস্যু করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্যঃ

- জবাব সন্তোষজনক নয়। টেলিফোন রাজস্ব ম্যানুয়াল ১০৭ ধারা মোতাবেক ৭ (সাত) দিনের মধ্যে নোটিশ ইস্যু করা হয়নি। কোন কোন ক্ষেত্রে ৫/৬ মাস এমনকি কয়েক বছর পরে নোটিশ ইস্যু হয়েছে।
- বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের ৩০-০৪-২০০৭ খ্রিঃ তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/২০০২ মোতাবেক ৮৯ দিনের মধ্যে টেলিফোন সংযোগ স্থায়ীভাবে বিচ্ছিন্ন করা হয়নি।

- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- টেলিফোন বিলের বকেয়া টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
- দীর্ঘদিন রাজস্ব আদায় বকেয়া থাকায় দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক যথাযথ প্রশাসনিক কার্যক্রম গ্রহণ আবশ্যক।
- ভবিষ্যতে ম্যানুয়েল এর সংশ্লিষ্ট ধারা এবং উপরে বর্ণিত স্মারক অনুযায়ী টেলিফোন বিল যথাসময়ে আদায়ের পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদঃ ২।

শিরোনামঃ বেসরকারী প্রতিষ্ঠানের টেলিফোন বিল বাবদ ১৫৮,২২,২৪,৬৯৫/- টাকা অনাদায়ী।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর অধীনস্থ ১০ (দশ) টি রাজস্ব অফিসের সূচনালগ্ন হতে ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত রাজস্ব আদায় কার্যক্রমের উপর ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে ক্যাশবহি, পার্সোনাল লেজার (পি,এল), পে-অর্ডার/চেক রেজিষ্টার, বকেয়া রাজস্ব আদায়ের সিডিউল ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানের নিকট টেলিফোনের বকেয়া বিল বাবদ ১৫৮,২২,২৪,৬৯৫/- টাকা অনাদায়ী রয়েছে **(পরিশিষ্ট-"খ")।**
- বকেয়া টেলিফোন বিল আদায়ের লক্ষ্যে টেলিফোন রাজস্ব হিসাব ম্যানুয়ালের ১০৭ ধারা মোতাবেক ৭(সাত) দিনের মধ্যে বকেয়া বিল পরিশোধের জন্য গ্রাহক বরাবরে নোটিশ জারী করতে হবে। উক্ত সময়ের মধ্যে বিল পরিশোধে ব্যর্থ হলে সংশ্লিষ্ট টেলিফোন সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করতে হবে।
- বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের ৩০-০৪-২০০৭ খ্রিঃ তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/২০০২ মোতাবেক সাময়িক বিচ্ছিন্নের ৮৯ দিনের মধ্যে নির্ধারিত হারে ফি প্রদান সহ বকেয়া পরিশোধ না করা হলে টেলিফোন সংযোগ স্থায়ী ভাবে বিচ্ছিন্ন করতে হবে।
- আলোচ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি ও আদেশ মোতাবেক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় টেলিফোন বিলের টাকা অনাদায়ী রয়েছে।
- কতিপয় অফিস সূচনা লগ্ন হতে টেলিফোন বিল বকেয়া রয়েছে।
- বকেয়া টাকার বিষয়ে মাস/বছর ও প্রতিষ্ঠানভিত্তিক টেলিফোন নম্বরসহ কোন রেজিষ্টার/সিডিউল সংরক্ষণ করা হচ্ছে না।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- বকেয়া বিল আদায়ের জন্য নোটিশ ইস্যু করা হয়েছে।
- বকেয়া রাজস্ব আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। পরবর্তীতে আদায়ের অগ্রগতি অডিটকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্যঃ

- জবাব সন্তোষজনক নয়। টেলিফোন রাজস্ব ম্যানুয়াল ১০৭ ধারা মোতাবেক ৭ (সাত) দিনের মধ্যে নোটিশ ইস্যু করা হয়নি। কোন কোন ক্ষেত্রে ৩/4 মাস এমনকি ১ বৎসর পর ও নোটিশ ইস্যু করা হয়েছে।
- বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের ৩০-০৪-২০০৭ খ্রি: তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/২০০২ মোতাবেক ৮৯ দিনের মধ্যে টেলিফোন সংযোগ স্থায়ীভাবে বিচ্ছিন্ন করা হয়নি।
- অভ্যন্তরীন নিয়ন্ত্রণ ব্যবস্থা না থাকায় বিপুল পরিমান অর্থ বকেয়া রয়েছে।
- কতিপয় অফিস সূচনা লগ্ন হতে টেলিফোন বিল বকেয়া থাকায় সরকারের রাজস্ব ক্ষতি।
- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- টেলিফোন বিলের বকেয়া টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
- দীর্ঘদিন টেলিফোন বিল আদায় বকেয়া থাকায় দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ প্রশাসনিক কার্যক্রম গ্রহণ আবশ্যক।
- ভবিষ্যতে ম্যানুয়েলের সংশ্লিষ্ট ধারা এবং স্মারক অনুযায়ী টেলিফোন বিল যথাসময়ে আদায়ের পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদঃ ৩।

শিরোনামঃ স্থায়ীভাবে বন্ধকৃত টেলিফোন বিল বাবদ ১৭৫,২৯,৮৩,২৩১/- টাকা অনাদায়ী।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর অধীনস্থ ১১ (এগার) টি রাজস্ব অফিসের সূচনালগ্ন হতে ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত রাজস্ব আদায়ের কার্যক্রমের উপর ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে ক্যাশবহি, পার্সোনাল লেজার (পি,এল), পে-অর্ডার/চেক রেজিষ্টার, বকেয়া রাজস্ব আদায়ের সিডিউল ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, স্থায়ীভাবে বন্ধকৃত টেলিফোনের বকেয়া বিল বাবদ ১৭৫,২৯,৮৩,২৩১/- টাকা দীর্ঘদিন যাবৎ অনাদায়ী রয়েছে **(পরিশিষ্ট-"গ")।**

- বকেয়া টেলিফোন বিল আদায়ের লক্ষ্যে টেলিফোন রাজস্ব হিসাব ম্যানুয়ালের ১০৭ ধারা মোতাবেক ৭(সাত) দিনের মধ্যে বকেয়া বিল পরিশোধের জন্য সময়সীমা নির্ধারণ করে গ্রাহক বরাবরে নোটিশ জারী করতে হবে। উক্ত সময়ের মধ্যে বিল পরিশোধে ব্যর্থ হলে সংশ্লিষ্ট টেলিফোন সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করতে হবে।

- বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের ৩০-০৪-২০০৭ খ্রিঃ তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/২০০২ মোতাবেক সাময়িক বিচ্ছিন্ন করার ৮৯ দিনের মধ্যে নির্ধারিত হারে ফি প্রদানসহ বকেয়া পরিশোধ না করা হলে টেলিফোন সংযোগ স্থায়ী ভাবে বিচ্ছিন্ন করতে হবে।

- আলোচ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি ও আদেশ মোতাবেক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় টেলিফোন বিলের টাকা অনাদায়ী রয়েছে।

- কতিপয় অফিস সূচনা লগ্ন হতে টেলিফোন বিল বকেয়া রয়েছে।

- বকেয়া টাকার বিষয়ে মাস/বছর ও প্রতিষ্ঠান ভিত্তিক টেলিফোন নম্বরসহ কোন রেজিষ্টার/সিডিউল সংরক্ষণ করা হচ্ছে না।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- বকেয়া বিল আদায়ের জন্য নোটিশ ইস্যু করা হয়েছে।
- বকেয়া রাজস্ব আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। পরবর্তীতে আদায়ের অগ্রগতি অডিটকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্যঃ

- জবাব সন্তোষজনক নয়। টেলিফোন রাজস্ব ম্যানুয়াল ১০৭ ধারা মোতাবেক ৭ (সাত) দিনের মধ্যে নোটিশ ইস্যু করা হয়নি। কোন কোন ক্ষেত্রে ৩/৪ মাস এমনকি ১ বৎসর পর ও নোটিশ ইস্যু করা হয়েছে।

- বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের ৩০-০৪-২০০৭ খ্রি: তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/২০০২ মোতাবেক ৮৯ দিনের মধ্যে টেলিফোন সংযোগ স্থায়ীভাবে বিচ্ছিন্ন করা হয়নি।

- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা না থাকায় বিপুল পরিমান অর্থ বকেয়া রয়েছে।

- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- টেলিফোন বিলের বকেয়া টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

- দীর্ঘদিন বন্ধ টেলিফোন বিল আদায় বকেয়া থাকায় দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক যথাযথ প্রশাসনিক কার্যক্রম গ্রহণ আবশ্যক।

- ভবিষ্যতে ম্যানুয়েলের সংশ্লিষ্ট ধারা এবং উপরে বর্ণিত স্মারক অনুযায়ী টেলিফোন বিল যথাসময়ে আদায়ের পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদঃ ৪।

শিরোনামঃ বিভিন্ন প্রাইভেট অপারেটরদের নিকট বকেয়া বিল বাবদ = ৩৯,৪৮,২৬,২৯০/- টাকা রাজস্ব অনাদায়ী।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর অধীনস্থ হিসাবরক্ষণ অফিসার, ট্রাংক এন্ড টেলেক্স, ঢাকা অফিসের সূচনালগ্ন হতে ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত রাজস্ব আদায়ের কার্যক্রমের উপর ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে, বকেয়া রাজস্বের নথি/সিডিউল এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র হতে দেখা যায় যে, ৮টি প্রাইভেট অপারেটর এর নিকট বকেয়া বিল বাবদ ৩৯,৪৮,২৬,২৯০/- টাকা দীর্ঘদিন যাবৎ অনাদায়ী অবস্থায় পড়ে রয়েছে **(পরিশিষ্ট "ঘ")।**

- বিটিআরসির নিবন্ধনভুক্ত প্রাইভেট অপারেটরদের সাথে চুক্তি মোতাবেক বিটিসিএল বিভিন্ন প্রকার স্থাপনা ব্যবহারের বিনিময়ে সরকারের বিভিন্ন সময়ে জারীকৃত হারে সরকারকে রাজস্ব প্রদানের শর্ত থাকলেও প্রাইভেট অপারেটরগণ চুক্তির শর্ত মোতাবেক যথাসময়ে রাজস্ব পরিশোধ করেনি।

- উক্ত বকেয়া রাজস্ব আদায়ের জন্য নিরীক্ষাধীন অফিস কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

- আলোচ্য ক্ষেত্রে চুক্তি মোতাবেক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় প্রাইভেট অপারেটর এর নিকট রাজস্ব অনাদায়ী রয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- আপত্তির জবাবে নিরীক্ষাধীন অফিস জানায় যে, রেকর্ডপত্র পরীক্ষান্তে খুব শ্রীঘ্রই অডিট অফিসকে অবহিত করা হবে। যাবতীয় পরিশোধ হালনাগাদ করে পূর্ণাঙ্গ মীমাংসামূলক জবাব প্রদান করা হবে। আই এল ডিটিএল পলিসি/০৭ বাস্তবায়িত হওয়ায় গ্রাহকের প্রাপ্য রেভিনিউ শেয়ার সমন্বয় হলে বকেয়া থাকবে না।

নিরীক্ষা মন্তব্যঃ

- সরকারী বিধি এবং আদেশ যথাযথভাবে অনুসরণ না করায় প্রাইভেট অপারেটর এর বিপুল পরিমান অর্থ বকেয়া রয়েছে।
- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- জরুরী ভিত্তিতে প্রাইভেট অপারেটরগণের বকেয়া টাকা আদায় করে অডিটকে অবহিত করা আবশ্যক ।
- দীর্ঘদিন রাজস্ব আদায় বকেয়া থাকায় দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ প্রশাসনিক কার্যক্রম গ্রহণ আবশ্যক।

অনুচ্ছেদঃ ৫।

শিরোনামঃ সংবাদপত্র/সংবাদসংস্থার নিকট টেলিফোন বিল বাবদ ১,৫৯,০৯,৯৮৩/- টাকা অনাদায়ী।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর অধীনস্থ ১০ (দশ) টি রাজস্ব অফিসের সূচনালগ্ন হতে ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত রাজস্ব আদায়ের কার্যক্রমের উপর ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে ক্যাশবহি, পার্সোনাল লেজার (পি,এল), পে-অর্ডার/চেক রেজিষ্টার, বকেয়া রাজস্ব আদায়ের সিডিউল ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বিভিন্ন সংবাদসংস্থা/সংবাদপত্র প্রতিষ্ঠানের নিকট টেলিফোনের বকেয়া বিল বাবদ ১,৫৯,০৯,৯৮৩/- টাকা অনাদায়ী রয়েছে **(পরিশিষ্ট-"ঙ")**।
- বকেয়া টেলিফোন বিল আদায়ের লক্ষ্যে টেলিফোন রাজস্ব হিসাব ম্যানুয়ালের ১০৭ ধারা মোতাবেক ৭ (সাত) দিনের মধ্যে বকেয়া বিল পরিশোধের জন্য গ্রাহক বরাবরে নোটিশ জারী করতে হবে। উক্ত সময়ের মধ্যে বিল পরিশোধে ব্যর্থ হলে সংশ্লিষ্ট টেলিফোন সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করতে হবে।
- বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের ৩০-০৪-২০০৭ খ্রি : তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/২০০২ মোতাবেক সাময়িক বিচ্ছিন্নের ৮৯ দিনের মধ্যে নির্ধারিত হারে ফি প্রদানসহ বকেয়া পরিশোধ না করা হলে টেলিফোন সংযোগ স্থায়ী ভাবে বিচ্ছিন্ন করতে হবে।
- আলোচ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি ও আদেশ মোতাবেক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় টেলিফোন বিলের টাকা অনাদায়ী রয়েছে।
- বকেয়া টাকার বিষয়ে মাস/বছর ও প্রতিষ্ঠান ভিত্তিক টেলিফোন নম্বর সহ কোন রেজিষ্টার/সিডিউল সংরক্ষণ করা হচ্ছে না।
- কতিপয় অফিস এর সূচনা লগ্ন হতে টেলিফোন বিল বকেয়া রয়েছে।
- কতিপয় সংস্থা ও টেলিফোন নম্বরভিত্তিক বকেয়া রাজস্বের হিসাব সংরক্ষণ/সরবরাহ করা হয়নি।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- বকেয়া বিল আদায়ের জন্য নোটিশ ইস্যু করা হয়েছে।
- বকেয়া রাজস্ব আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। পরবর্তীতে আদায়ের অগ্রগতি অডিটকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্যঃ

- জবাব সন্তোষজনক নয়। কেননা, টেলিফোন রাজস্ব ম্যানুয়াল ১০৭ ধারা মোতাবেক ৭ (সাত) দিনের মধ্যে নোটিশ ইস্যু করা হয়নি। কোন কোন ক্ষেত্রে ৩/4 মাস এমনকি ১ বৎসর পর ও নোটিশ ইস্যু করা হয়েছে।
- বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের ৩০-০৪-২০০৭ খ্রি: তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/২০০২ মোতাবেক ৮৯ দিনের মধ্যে টেলিফোন সংযোগ স্থায়ীভাবে বিচ্ছিন্ন করা হয়নি।
- অভ্যন্তরীন নিয়ন্ত্রণ ব্যবস্থা না থাকায় বিপুল পরিমান অর্থ বকেয়া রয়েছে।
- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- টেলিফোন বিলের বকেয়া টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
- দীর্ঘদিন রাজস্ব আদায় বকেয়া থাকায় দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ প্রশাসনিক কার্যক্রম গ্রহণ আবশ্যক।
- ভবিষ্যতে ম্যানুয়েলের সংশ্লিষ্ট ধারা এবং উপরে বর্ণিত আদেশ অনুযায়ী টেলিফোন বিল যথাসময়ে আদায়ের পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদঃ ৬।

শিরোনামঃ মহান জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্যগণের নিকট টেলিফোনের রাজস্ব বকেয়া বাবদ ১,১৪,০৮,০৬১/- টাকা অনাদায়ী।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর অধীনস্থ ১১ (এগার) টি রাজস্ব অফিসের সূচনালগ্ন হতে ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত রাজস্ব আদায়ের কার্যক্রমের উপর ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে পার্সোনাল লেজার (পি,এল) মাননীয় সংসদ সদস্যগণের বকেয়া রাজস্ব আদায়ের সিডিউল ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, মাননীয় সংসদ সদস্যগণের নিকট টেলিফোনের রাজস্ব বকেয়া বিল বাবদ ১,১৪,০৮,০৬১/- টাকা অনাদায়ী রয়েছে **(পরিশিষ্ট-"চ")**।
- বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের ৩০-০৩-২০০১খ্রিঃ তারিখের স্মারক নং জাসস/২৯/টেলি/৯২-সেবা (অংশ)/২৯৫ এর অনুচ্ছেদ-২ মোতাবেক মাননীয় সংসদ সদস্যগণ প্রতিমাসে বেতনের সহিত টেলিফোন বিল বাবদ ৪০০০.০০ টাকা নগদ গ্রহণ করে থাকেন।
- বকেয়া টেলিফোন বিল আদায়ের লক্ষ্যে টেলিফোন রাজস্ব হিসাব ম্যানুয়ালের ১০৭ ধারা মোতাবেক ৭(সাত) দিনের মধ্যে বকেয়া বিল পরিশোধের জন্য গ্রাহক বরাবরে নোটিশ জারী করতে হবে। উক্ত সময়ের মধ্যে বিল পরিশোধে ব্যর্থ হলে সংশ্লিষ্ট টেলিফোন সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করতে হবে।
- বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের ৩০-০৪-২০০৭ খ্রিঃ তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/২০০২ এর প্রথম প্যারা মোতাবেক সাময়িক বিচ্ছিন্নের ৮৯ দিনের মধ্যে নির্ধারিত হারে ফি প্রদান সহ বকেয়া পরিশোধ না করা হলে টেলিফোন সংযোগ স্থায়ী ভাবে বিচ্ছিন্ন করতে হবে।
- আলোচ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি ও আদেশ মোতাবেক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় টেলিফোন বিলের টাকা অনাদায়ী রয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- বকেয়া বিল আদায়ের জন্য নোটিশ ইস্যু করা হয়েছে।
- বকেয়া রাজস্ব আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। পরবর্তীতে আদায়ের অগ্রগতি অডিটকে অবহিত করা হবে। এছাড়া অনেক মাননীয় সংসদের বিরুদ্ধে ইতোমধ্যে মামলা দায়ের করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্যঃ

- জবাব সন্তোষজনক নয়। কেননা, টেলিফোন রাজস্ব ম্যানুয়াল ১০৭ ধারা মোতাবেক ৭ (সাত) দিনের মধ্যে নোটিশ ইস্যু করা হয়নি। কোন কোন ক্ষেত্রে ৩/৪ মাস এমনকি ১ বৎসর পর ও নোটিশ ইস্যু করা হয়েছে। কোন কোন ক্ষেত্রে মামলা করা হয়েছে, মামলা প্রক্রিয়াধীন।
- বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের ৩০-০৪-২০০৭ খ্রিঃ তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/২০০২ মোতাবেক ৮৯ দিনের মধ্যে টেলিফোন সংযোগ স্থায়ীভাবে বিচ্ছিন্ন করা হয়নি।
- মামলা দায়ের কপি সরবরাহ করা হয়নি।
- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- অতি সত্ত্বর টেলিফোন বিলের বকেয়া টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
- দীর্ঘদিন টেলিফোনের রাজস্ব আদায় বকেয়া থাকায় দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ প্রশাসনিক কার্যক্রম গ্রহণ আবশ্যক।

অনুচ্ছেদঃ ৭।

শিরোনামঃ টেলিফোন রাজস্ব বাবদ আদায়কৃত = ৩,৯৪,৬৭,৫৮৯/- টাকা দীর্ঘদিন যাবৎ অনিয়মিতভাবে ব্যাংকে জমা।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর আওতাধীন ৩টি রাজস্ব অফিসের রাজস্ব আদায়ের উপর ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে রাজস্ব আদায় বিবরণী, ব্যাংক হতে প্রাপ্ত পে-অর্ডারের বিবরণী এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা হতে দেখা যায় যে, টেলিফোন রাজস্ব বাবদ আদায়কৃত ৩,৯৪,৬৭,৫৮৯/- টাকা দীর্ঘদিন যাবৎ অনিয়মিতভাবে ব্যংকে পড়ে রয়েছে **(পরিশিষ্ট-"ছ")**।
- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এবং বিভিন্ন ব্যাংকের সহিত টেলিফোন রাজস্ব আদায় পর্যন্ত সম্পাদিত চুক্তি মোতাবেক আদায়কৃত রাজস্ব প্রতি মাসে ১৫(পনের) দিন অন্তর অন্তর পে-অর্ডারের মাধ্যমে সংশ্লিষ্ট টেলিফোন রাজস্ব অফিসে পে-অর্ডার প্রেরণ করতে হবে। কিন্তু আলোচ্য ক্ষেত্রে উক্ত চুক্তি বাস্তবায়িত না করে দীর্ঘদিন যাবৎ আদায়কৃত টাকা ব্যাংকে ধরে রাখা হয়েছে।
- ফলে সংস্থার তথা সরকারের রাজস্ব আদায় কার্যক্রম এবং উন্নয়ন কার্যক্রম ব্যাহত হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- সংশ্লিষ্ট ব্যাংকের সহিত যোগাযোগ করা সত্ত্বেও যথাসময়ে পে-অর্ডার পাওয়া যায়নি। খুব শীঘ্রই উক্ত টাকার পে- অর্ডার প্রেরণ করা হবে বলে সংশ্লিষ্ট ব্যাংক অবহিত করেছে।

নিরীক্ষা মন্তব্যঃ

- চুক্তি মোতাবেক ব্যাংকে আদায়কৃত টেলিফোন রাজস্বের টাকার পে-অর্ডার না পাওয়ায় সংস্থার ক্ষতি হয়েছে।
- যথাসময়ে ব্যাংক হতে পে-অর্ডার পাওয়া যায় সে জন্য মনিটরিং ব্যবস্থা জোরদার করা প্রায়োজন।
- ব্যাংকের সাথে পত্র যোগাযোগের কোন নমুনা সরবরাহ করা হয়নি।
- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- টেলিফোন রাজস্ব বাবদ আদায়কৃত টাকা চুক্তি মোতাবেক যথাসময়ে ব্যাংক থেকে পে-অর্ডারের মাধ্যমে আদায়ের জন্য অভ্যন্তরীন নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করা আবশ্যক।
- প্রতি মাসে ব্যাংকের সাথে রিকন্সিলিয়েশন্ করতঃ প্রত্যয়ন পত্র জারী করা আবশ্যক।
- যে সমস্ত ব্যাংক চুক্তির শর্ত ভঙ্গ করে টাকা জমা রাখবে সে সমস্ত ব্যাংক থেকে সুদসহ টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ আবশ্যক।

অনুচ্ছেদঃ ৮।

শিরোনামঃ আদায়কৃত রাজস্বের মধ্যে ৪৯,৪৭,৭০,২১৯/- টাকার পে-অর্ডার পাওয়া যায়নি।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর অধীনস্থ ৭টি রাজস্ব অফিসের সূচনালগ্ন হতে ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত রাজস্ব আদায়ের কার্যক্রমের উপর ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে রাজস্ব আদায়ের নথি/সিডিউল এবং পে-অর্ডার সংক্রান্ত নথিপত্র হতে দেখা যায় যে, আদায়কৃত রাজস্বের মধ্যে মোট=৪৯,৪৭,৭০,২১৯/- টাকার পে-অর্ডার পাওয়া যায়নি **(পরিশিষ্ট-"জ")।**

- বিস্তারিত নিরীক্ষায় দেখা যায় ২০১১-১২ হিসাব সালে ৭টি অফিসে রাজস্ব বাবদ মোট=২,৯৯,৬২,৩৩,৮২৩/- টাকা আদায় হয়েছে। তন্মধ্যে ৭টি অফিসের বিপরীতে ২৫০,১৪,৬৩,৬০৪/- টাকার পে-অর্ডার পাওয়া গিয়াছে । ফলে রাজস্ব আদায় অপেক্ষা (২৯৯,৬২,৩৩,৮২৩ - ২৫০,২০,৬৩,৬০৪) = ৪৯,৪৭,৭০,২১৯/- টাকার পে-অর্ডার কম পাওয়া গেছে।

- উক্ত কম পে-অর্ডার বিষয়ের জন্য নিরীক্ষাধীন অফিস কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহন করা হয়নি।

- আলোচ্য ক্ষেত্রে ব্যাংকের সাথে চুক্তি মোতাবেক আদায়কৃত অর্থের পে-অর্ডার না পাওয়া সত্ত্বেও ব্যাংকের সাথে কোন রিকন্সিলিয়েশন করে সত্যতা যাচাই করা হয়নি।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- আপত্তির জবাবে সংশ্লিষ্ট অফিস জানায় যে, সোনালী ব্যাংকসমূহ পে-অর্ডারের মাধ্যমে টাকা না পাঠিয়ে সরাসরি সিডিউলের মাধ্যমে সোনালী ব্যাংক রূপসী বাংলা ঢাকা অফিসে প্রেরণ করে। কতিপয় অফিস জানায় রেকর্ডপত্র হালনাগাদ করে আদায় বিবরণীসহ পরবর্তীতে অডিট অফিসকে জবাব প্রদান করা হবে।

নিরীক্ষা মন্তব্যঃ

- জবাব গ্রহণযোগ্য নয়। ব্যাংকের সাথে চুক্তির শর্ত অনুসরণ না করায় ব্যাংক হতে পে-অর্ডার রাজস্বের কোন হদিস পাওয়া যায়নি।

- চুক্তির শর্তানুযায়ী ব্যাংক হতে পে-অর্ডার সংগ্রহ করা প্রয়োজন।

- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- অতি সত্ত্বর ব্যাংকের সাথে রিকন্সিলিয়েশন করে আদায়কৃত টাকার পে-অর্ডার সংগ্রহ করতঃ প্রমাণকসহ বিবরণী প্রেরণ করা আবশ্যক।

- ভবিষ্যতে নিয়মিত রিকন্সিলিয়েশন এর পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদঃ ৯।

শিরোনামঃ বেসরকারী প্রতিষ্ঠানের নিকট টেলেক্সের রাজস্ব বাবদ= ১,৫৪,৪৫,২৮২/- টাকা অনাদায়ী।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর অধীনস্থ হিসাব রক্ষণ অফিসার, ট্রাংক্স এন্ড টেলেক্স, ঢাকা অফিসের সূচনালগ্ন হতে ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত হিসাব রাজস্ব আদায় সংক্রান্ত ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে বকেয়া রাজস্বের নথি/ সিডিউল এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র হতে দেখা যায় যে, বেসরকারী প্রতিষ্ঠানের নিকট টেলেক্স রাজস্ব বকেয়া বিল বাবদ ১,৫৪,৪৫,২৮২/- টাকা দীর্ঘদিন যাবৎ অনাদায়ী অবস্থায় পড়ে রয়েছে **(পরিশিষ্ট-"ঝ")**।
- বিটিআরসি'র নিবন্ধনভুক্ত বেসরকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি মোতাবেক বিটিসিএল এর বিভিন্ন স্থাপনা ব্যবহারের বিনিময়ে সরকারের বিভিন্ন সময়ে জারীকৃত হারে সরকারকে রাজস্ব প্রদানের শর্ত থাকলেও চুক্তির শর্ত মোতাবেক রাজস্ব পরিশোধ না করায় উক্ত বকেয়া রয়েছে। যার ফলে সরকার রাজস্ব হতে বঞ্চিত হচ্ছে। আলোচ্য ক্ষেত্রে রাজস্ব আদায়ের ব্যাপারে উক্ত অফিস কোন ব্যবস্থা গ্রহণ করেছে বলে কোন প্রমাণক পাওয়া যায়নি।
- উক্ত বকেয়া রাজস্ব আদায়ের জন্য নিরীক্ষাধীন অফিস কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়নি।
- আলোচ্য ক্ষেত্রে চুক্তি মোতাবেক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় বেসরকারী প্রতিষ্ঠানের নিকট টেলেক্স এর রাজস্ব অনাদায়ী রয়েছে।
- সূচনা লগ্ন হতে বেসরকারী প্রতিষ্ঠানের টেলেক্স বিল বকেয়া রয়েছে।
- বকেয়া টাকার বিষয়ে প্রতিষ্ঠান/বছর ভিত্তিক রেজিস্ট্রার/সিডিউল প্রণয়ন করা হয়নি।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- আপত্তির জবাবে সংশ্লিষ্ট নিরীক্ষাকালে অফিস জানায় যে, বকেয়া পরিশোধের জন্য নোটিশ জারী করা হয়েছে।
- কিছু বকেয়ার জন্য মামলা দায়ের করা হয়েছে ।
- কিছু মামলা বিজ্ঞ আদালতে অপেক্ষমান।
- রেকর্ডপত্র হালনাগাদ করে একটি বিবরণী পরবর্তীতে অডিট অফিসকে জানানো হবে।

নিরীক্ষা মন্তব্যঃ

- জবাব সন্তোষজনক নয়। চুক্তির শর্তানুযায়ী টেলেক্স বাবদ অর্থ প্রদান না করায় বকেয়া পড়েছে।
- বেসরকারী প্রতিষ্ঠানের নিকট কোন নোটিশ জারী করা হয়নি।
- জবাবের সাথে কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি।
- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- অতিসত্ত্বর বেসরকারী টেলেক্স এর রাজস্ব বাবদ অনাদায়ী টাকা আদায় করে অডিটকে অবহিত করা আবশ্যক।
- দীর্ঘদিন বেসরকারী প্রতিষ্ঠানের নিকট টেলেক্স এর রাজস্ব আদায় বকেয়া থাকায় দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ প্রশাসনিক কার্যক্রম গ্রহণ আবশ্যক।

অনুচ্ছেদঃ ১০।

শিরোনামঃ ভি-স্যাট এর রাজস্ব বাবদ ৮,৫৭,২৬,৩৮০/- টাকা দীর্ঘদিন যাবৎ অনাদায়ী।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর অধীনস্থ হিসাব রক্ষণ অফিসার, ট্রাংক্স এন্ড টেলেক্স, ঢাকা অফিসের সূচনালগ্ন হতে ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত রাজস্ব আদায় সংক্রান্ত ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে, বকেয়া রাজস্বের নথি/ সিডিউল এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র হতে দেখা যায় যে, Very Small Aperture Terminal (V-SAT) এর রাজস্ব বাবদ ৮,৫৭,২৬,৩৮০/- টাকা দীর্ঘদিন যাবৎ অনাদায়ী অবস্থায় পড়ে রয়েছে **(পরিশিষ্ট-"এও")।**
- বিটিআরসি এবং নিবন্ধনভুক্ত ভি-স্যাট ব্যবহারকারী গ্রাহকের সাথে চুক্তি মোতাবেক বিটিসিএল এর বিভিন্ন প্রকার স্থাপনা ব্যবহারের বিনিময়ে সরকারের বিভিন্ন সময়ে জারীকৃত হারে সরকারকে রাজস্ব প্রদানের শর্ত থাকলেও ভি-স্যাট গ্রাহকগণ চুক্তির শর্ত মোতাবেক যথাসময়ে রাজস্ব পরিশোধ করেনি, যার ফলে উক্ত রাজস্ব দীর্ঘদিন যাবৎ অনাদায়ী অবস্থায় পড়ে রয়েছে।
- উক্ত বকেয়া রাজস্ব আদায়ের জন্য নিরীক্ষাধীন অফিস কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়নি।
- বছরভিত্তিক ও প্রতিষ্ঠানভিত্তিক বকেয়া রাজস্বের বিবরণী প্রস্তুত করা হয়নি।
- আলোচ্য ক্ষেত্রে চুক্তি মোতাবেক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় ভি-স্যাট এর নিকট রাজস্ব অনাদায়ী রয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- আপত্তির জবাবে সংশ্লিষ্ট অফিস জানায় যে, রেকর্ডপত্র হালনাগাদ করে পরবর্তীতে অডিট অফিসকে জবাব প্রদান করা হবে ।
- কিছু বকেয়ার জন্য ইতোমধ্যে মামলা দায়ের করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্যঃ

- জবাব সন্তোষজনক নয়। সরকারী বিধি এবং আদেশ যথাযথভাবে অনুসরণ না করায় ভি-স্যাট অপারেটর এর বিপুল পরিমান অর্থ বকেয়া রয়েছে।
- বছরভিত্তিক ও প্রতিষ্ঠানভিত্তিক বকেয়া রাজস্বের বিবরণী প্রস্তুত করে বকেয়া রাজস্ব জরুরী ভিত্তিতে আদায় করা প্রয়োজন।
- মামলা দায়েরের কোন কপি সরবরাহ করা হয়নি।
- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- জরুরী ভিত্তিতে প্রাইভেট অপারেটরগণের বকেয়া টাকা আদায় করে অডিটকে অবহিত করা আবশ্যক।
- দীর্ঘদিন ভি-স্যাট এর রাজস্ব আদায় বকেয়া থাকায় দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ প্রশাসনিক কার্যক্রম গ্রহণ আবশ্যক।

অনুচ্ছেদঃ ১১।

শিরোনামঃ ই-১ চ্যানেল ব্যবহারকারী গ্রাহকগণের নিকট রাজস্ব বাবদ = ৭০,৩২,০৫৩/- টাকা অনাদায়ী।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর অধীনস্থ হিসাবরক্ষণ অফিসার, ট্রাংক্ষ এন্ড টেলেক্স, ঢাকা অফিসের সূচনালগ্ন হতে ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত রাজস্ব আদায় সংক্রান্ত ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে বকেয়া রাজস্বের নথি/সিডিউল এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র হতে পর্যালোচনায় দেখা যায় যে, ই-১ চ্যানেল ব্যবহারকারী গ্রাহকের নিকট বকেয়া রাজস্ব বাবদ ৭০,৩২,০৫৩/- টাকা দীর্ঘদিন যাবৎ অনাদায়ী অবস্থায় পড়ে রয়েছে **(পরিশিষ্ট-"ট")।**
- বিস্তারিত নিরীক্ষায় দেখা যায় ই-১ চ্যানেল ব্যবহারের জন্য যথাসময়ে বিল পরিশোধ করতে হবে। কিন্তু আলোচ্য ক্ষেত্রে উহা যথাযথভাবে প্রতিপালন হয়নি। যার ফলে উক্ত রাজস্ব অনাদায়ী অবস্থায় পড়ে রয়েছে।
- উক্ত বকেয়া রাজস্ব আদায়ের জন্য নিরীক্ষাধীন অফিস কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়নি।
- বকেয়া টাকার বিষয়ে ব্যবহারকারী গ্রাহকের প্রতিষ্ঠান/বছর ভিত্তিক রেজিষ্টার/সিডিউল প্রণয়ন করা হয়নি।
- সূচনা লগ্ন হতে ই-১ চ্যানেল ব্যবহারকারী গ্রাহকের নিকট বিল বকেয়া রয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- আপত্তির জবাবে সংশ্লিষ্ট নিরীক্ষাধীন অফিস জানায় যে, রেকর্ডপত্র হালনাগাদ করে আদায় বিবরণীসহ পরবর্তীতে অডিট অফিসকে জবাব প্রদান করা হবে।

নিরীক্ষা মন্তব্যঃ

- সরকারী বিধি এবং আদেশ অনুসরণ না করায় ই-১ চ্যানেল ব্যবহারকারী গ্রাহকগণের নিকট বিপুল পরিমাণ অর্থ বকেয়া রয়েছে।
- বকেয়া টাকার বিষয়ে প্রতিষ্ঠান এবং বছর ভিত্তিক রেজিষ্টার/সিডিউল প্রণয়ন করা প্রয়োজন।
- বকেয়া আদায়ের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বরাবরে পত্র লেখা আবশ্যক।
- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিস্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- জরুরী ভিত্তিতে ই-১ চ্যানেল ব্যবহারকারী গ্রাহকগণের নিকট হতে বকেয়া টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ করে অডিটকে অবহিত করা আবশ্যক।
- দীর্ঘদিন ই-১ চ্যানেল ব্যবহারকরী গ্রাহকগণের নিকট হতে রাজস্ব আদায় বকেয়া থাকায় দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক যথাযথ প্রশাসনিক কার্যক্রম গ্রহণ আবশ্যক।

অনুচ্ছেদঃ ১২।

শিরোনামঃ ব্যান্ড উইথ ও ডিডিএন ব্যবহারকারী গ্রাহকগণের নিকট রাজস্ব বাবদ = ১৬,৭৩,৭৫,২২২/- টাকা অনাদায়ী।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর অধীনস্থ হিসাবরক্ষণ অফিসার, ট্রাংঙ্ক এন্ড টেলেক্স, ঢাকা অফিসের সূচনালগ্ন হতে ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত রাজস্ব আদায়ের কার্যক্রমের উপর ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে বকেয়া রাজস্বের নথি/ সিডিউল এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র হতে দেখা যায় যে, ব্যান্ড উইথ ও ডি ডি এন (ডিজিটাল ডাটা নেটওয়ার্ক) ইন্টারনেট ব্যবহারকারী গ্রাহকের নিকট বকেয়া রাজস্ব বাবদ ১৬,৭৩,৭৫,২২২/- টাকা দীর্ঘ দিন যাবৎ অনাদায়ী অবস্থায় পড়ে রয়েছে **(পরিশিষ্ট-"ঠ")**।

- বিস্তারিত নিরীক্ষায় দেখা যায় জুন/২০১২ মাস পর্যন্ত ব্যান্ড উইথ ব্যবহারকারী গ্রাহকের নিকট মোট ১৫,৮২,৩৬,৩৬৭/- টাকা এবং ডিডিএন ব্যবহারকারী গ্রাহকের নিকট ৯১,৩৮,৮৫৫/- টাকা অর্থাৎ ব্যান্ড উইথ ও ডিডিএন ব্যবহারকারী গ্রাহকের নিকট (১৫,৮২,৩৬,৩৬৭ + ৯১,৩৮,৮৫৫) = ১৬,৭৩,৭৫,২২২/- টাকা অনাদায়ী রয়েছে।

- উক্ত বকেয়া রাজস্ব আদায়ের জন্য নিরীক্ষাধীন অফিস কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

- আলোচ্য ক্ষেত্রে চুক্তি মোতাবেক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় ব্যান্ড উইথ ও ডিডিএন ইন্টারনেট ব্যবহারকারীর নিকট রাজস্ব অনাদায়ী রয়েছে।

- বকেয়া টাকার বিষয়ে সংশ্লিষ্ট অফিস কর্তৃক মাস/বছর ও প্রতিষ্ঠান ভিত্তিক কোন সিডিউল/রেজিষ্টার সংরক্ষণ করেনি।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- আপত্তির জবাবে সংশ্লিষ্ট নিরীক্ষাধীন অফিস জানায় যে, রেকর্ডপত্র হালনাগাদ করে আদায় বিবরণীসহ পরবর্তীতে অডিট অফিসকে জবাব প্রদান করা হবে।

নিরীক্ষা মন্তব্যঃ

- জবাব যথাযথ নয়। কেননা,সরকারী বিধি এবং আদেশ অনুসরণ না করায় ব্যান্ড উইথ ও ডিডিএন ইন্টারনেট ব্যবহারকারী গ্রাহকগণের নিকট বিপুল পরিমান অর্থ বকেয়া রয়েছে।
- বকেয়া বিষয়ে মাস/বছর ও প্রতিষ্ঠানভিত্তিক রেজিষ্টার/সিডিউল প্রণয়ন করা আবশ্যক।
- বকেয়া আদায়ের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বরাবরে পত্র লিখা আবশ্যক।
- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- জরুরী ভিত্তিতে ব্যান্ড উইথ ও ডিডিএন ইন্টারনেট ব্যবহারকারী গ্রাহকগণের নিকট হতে বকেয়া টাকা আদায় করে অডিটকে অবহিত করা আবশ্যক।
- দীর্ঘদিন রাজস্ব আদায় বকেয়া থাকায় দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ প্রশাসনিক কার্যক্রম গ্রহণ আবশ্যক।

অনুচ্ছেদঃ ১৩।

শিরোনামঃ পি এ বি এক্স জংশন টেলিফোনের বিল বাবদ = ১২,৪৮,৮৩,১১০/- টাকা অনাদায়ী।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর অধীনস্থ ২ (দুই) টি রাজস্ব অফিসের সূচনালগ্ন হতে ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত রাজস্ব আদায়ের কার্যক্রমের উপর ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে ক্যাশ বহি, পার্সোনাল লেজার (পি এল) পে-অর্ডার রেজিষ্টার, বকেয়া রাজস্বের সিডিউল ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, Private Automatic Branch Exchage (PABX) জংশন টেলিফোনের বিল বাবদ ১২,৪৮,৮৩,১১০/- টাকা দীর্ঘদিন যাবৎ অনাদায়ী অবস্থায় পড়ে রয়েছে **(পরিশিষ্ট-"ড")।**
- বকেয়া টেলিফোনের বিল আদায়ের লক্ষ্যে টেলিফোন রাজস্ব হিসাব ম্যানুয়াল এর ১০৭ ধারা মোতাবেক ৭ (সাত) দিনের মধ্যে বকেয়া বিল পরিশোধের জন্য গ্রাহক বরাবরে নোটিশ জারী করতে হবে। উক্ত সময়ের মধ্যে বিল পরিশোধ করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট টেলিফোন সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করতে হবে।
- আলোচ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি ও আদেশ মোতাবেক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় টেলিফোন বিলের টাকা অনাদায়ী রয়েছে।
- বকেয়া টাকার বিষয়ে মাস/বছর ও প্রতিষ্ঠানভিত্তিক টেলিফোন নম্বরসহ কোন রেজিষ্টার/সিডিউল সংরক্ষণ করা হচ্ছে না।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- পি এ বি এক্স এর বকেয়া রাজস্ব আদায়ের জন্য ইতোমধ্যে পত্র দেয়া হয়েছে।
- নতুন করে পত্রালাপের ব্যবস্থা সহ বিভিন্ন প্রচেষ্টা অব্যাহত আছে।

নিরীক্ষা মন্তব্যঃ

- জবাব যথাযথ নয়। কেননা, সরকারী বিধি এবং আদেশ অনুসরণ না করায় পি এ বি এক্স জংশন টেলিফোন বিলের বিপুল পরিমানে অর্থ বকেয়া রয়েছে।
- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- পি এ বি এক্স জংশন টেলিফোন বিলের বকেয়া রাজস্ব জরুরী ভিত্তিতে আদায় করে অডিটকে অবহিত করা আবশ্যক।
- দীর্ঘদিন রাজস্ব আদায় বকেয়া থাকায় দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ প্রশাসনিক কার্যক্রম গ্রহণ আবশ্যক।

অনুচ্ছেদঃ ১৪।

শিরোনামঃ বাংলাদেশ রেলওয়ের নিকট টেলিফোন বিল বাবদ= ৮০,০৪,১১৭/- টাকা অনাদায়ী।

বিবরণঃ

- বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর অধীনস্থ ১১ (এগার) টি রাজস্ব অফিসের সূচনালগ্ন হতে ২০১১-২০১২ আর্থিক সাল পর্যন্ত রাজস্ব আদায়ের কার্যক্রমের উপর ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে ক্যাশবহি, পার্সোনাল লেজার (পি,এল), পে-অর্ডার/চেক রেজিষ্টার,বকেয়া রাজস্ব আদায়ের সিডিউল ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বাংলাদেশ রেলওয়ের নিকট টেলিফোনের বকেয়া বিল বাবদ ৮০,০৪,১১৭/- টাকা অনাদায়ী রয়েছে **(পরিশিষ্ট-"ঢ")**।
- বকেয়া টেলিফোন বিল আদায়ের লক্ষ্যে টেলিফোন রাজস্ব হিসাব ম্যানুয়ালের ১০৭ ধারা মোতাবেক ৭(সাত) দিনের মধ্যে বকেয়া বিল পরিশোধের জন্য গ্রাহক বরাবরে নোটিশ জারী করতে হবে। উক্ত সময়ের মধ্যে বিল পরিশোধে ব্যর্থ হলে সংশ্লিষ্ট টেলিফোন সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করতে হবে।
- বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের ৩০-০৪-২০০৭ খ্রি: তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/২০০২ মোতাবেক সাময়িক বিচ্ছিন্নের ৮৯ দিনের মধ্যে নির্ধারিত হারে ফি প্রদান সহ বকেয়া পরিশোধ না করা হলে টেলিফোন সংযোগ স্থায়ী ভাবে বিচ্ছিন্ন করতে হবে।
- আলোচ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি ও আদেশ মোতাবেক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় টেলিফোন বিলের টাকা অনাদায়ী রয়েছে।
- কতিপয় অফিসের বকেয়া টাকার বিষয়ে মাস/বছর ও প্রতিষ্ঠানভিত্তিক টেলিফোন নম্বরসহ কোন রেজিষ্টার/সিডিউল সংরক্ষণ করা হচ্ছে না।
- কতিপয় অফিসে সূচনালগ্ন হতে বাংলাদেশ রেলওয়ের নিকট টেলিফোন বিল বকেয়া রয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ

- বকেয়া বিল আদায়ের জন্য নোটিশ ইস্যু করা হয়েছে।
- বকেয়া রাজস্ব আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। পরবর্তীতে আদায়ের অগ্রগতি অডিটকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্যঃ

- জবাব যথাযথ নয়। কেননা, টেলিফোন রাজস্ব ম্যানুয়াল ১০৭ ধারা মোতাবেক ৭ (সাত) দিনের মধ্যে নোটিশ ইস্যু করা হয়নি। কোন কোন ক্ষেত্রে ৩/৪ মাস এমনকি ১ বৎসর পরও নোটিশ ইস্যু করা হয়েছে।
- বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের ৩০-০৪-২০০৭ খ্রি: তারিখের স্মারক নং আর/এসঃ ৪-১১/২০০২ মোতাবেক ৮৯ দিনের মধ্যে টেলিফোন সংযোগ স্থায়ীভাবে বিচ্ছিন্ন করা হয়নি।
- বকেয়া আদায়ের বিষয়ে টেলিফোন নম্বর সহ প্রতিষ্ঠান ভিত্তিক রেজিষ্টার প্রণয়ন করা প্রয়োজন।
- আপত্তিটি অগ্রিম অনুচ্ছেদ হিসাবে ০৯-০৬-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় বরাবর জারী করা হলেও জবাব না পাওয়ায় ১৫-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং পরবর্তীতে ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র প্রেরণের পরও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- টেলিফোন বিলের বকেয়া টাকা জরুরী ভিত্তিতে আদায় করে অডিটকে অবহিত করা আবশ্যক ।
- দীর্ঘদিন রাজস্ব আদায় বকেয়া থাকায় দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ প্রশাসনিক কার্যক্রম গ্রহণ আবশ্যক।
- ভবিষ্যতে ম্যানুয়েলের সংশ্লিষ্ট ধারা এবং উপরে বর্ণিত স্মারক অনুযায়ী টেলিফোন বিল যথাসময়ে আদায়ের পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

(কল্যাণী তালুকদার)
মহাপরিচালক
ফোনঃ ৮৩১৬০৯৯